# কয়রা উপজেলার নভেম্বর ২০২৩ খ্রি. মাসের আইসিটি সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামাল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

তারিখ : ২৩/১১/২০২৩ খ্রি.

সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময় খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

১. ইউডিসির আয় ও সেবার তথ্য:

| ক্রম | উপজেলার নাম | মাসের নাম | আয়ের তথ্য | সেবার তথ্য |
|---|---|---|---|---|
| ০১ | কয়রা | অক্টোবর-২০২৩ | ৬০১৩০ | ১২০৫ |

২. সভার আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল<br>অত্র উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জেলা আইসিটি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার সকল দপ্তরের প্রধানদের তাদের নিজ নিজ দপ্তরের ওয়েবপোর্টাল বাংলা ও ইংরেজীতে হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উপজেলার ইউনিয়নসমূহের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে ইউপি সচিব, হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর ও উদ্যোক্তাদের সাথে আলোচনা করা হয়। | ১। ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদ বাস্তবায়নের কাজের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>৩। বিভাগীয় দপ্তর ও ইউনিয়ন ওয়েব পোর্টালের প্রোফাইল ও পাসওয়ার্ড কালক্ষেপন না করে জরুরিভিত্তিতে আপডেট করতে হবে। সকল ইউজার কে লগিন করে প্রোফাইল হতে **Two-step authentication** অন করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল), কয়রা।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কয়রা।<br>৩। ইউপি সচিব (সকল) |
| ২.০ | ই-নথি/ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য যে সকল দপ্তরে ই-নথি/ডি-নথি লাইভে আছে সে সকল দপ্তরে নথি কার্যক্রম বেগবান করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল), কয়রা |
| ৩.০ | ইউডিসি সংক্রান্ত | (ক) ইউডিসি উদ্যোক্তাগণ নিয়মিত আয় ও সেবার তথ্য একসেবা মনিটরিং টুলে নিয়মিত আপলোড করবেন।<br>(খ) ইউডিসিগুলোকে আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে।<br>(গ) ইউডিসিতে মহিলা উদোক্তা না থাকলে নিয়োগের ব্যবস্থা করতে হবে। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। ইউপি সচিব (সকল)<br>৩। ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ৪.০ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় সেজন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কয়রা।<br>৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), কয়রা। |

| | | | |
|---|---|---|---|
| | এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, কয়রা উপজেলার ১৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। পরিদর্শনকালে তিনি জানান যে, প্রতিষ্ঠানসমূহে ল্যাবের ব্যবহার সন্তোষজনক। শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণকে "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেনেন্স" বিষয়ক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। | | |
| ৫.০ | মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম সংক্রান্ত: শিক্ষক বাতায়ন পোর্টাল সম্পর্কে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইতিমধ্যে শিক্ষকেরা শিক্ষক বাতায়ন পোর্টালে নিবন্ধনভুক্ত হয়েছেন ও সেখান থেকে শিক্ষকরা দৈনিক কন্টেন্ট আপলোড, ডাউনলোড করছেন। | ১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা। |
| ৬.০ | ইনফো সরকার ফেজ-২ সংক্রান্ত | ইনফো সরকার ফেজ-২ প্রকল্পের মাধ্যমে উপজেলার যে সকল অফিসে ইন্টারনেট ক্যানেকটিভিটি রয়েছে তাদেরকে ইন্টারনেট সংক্রান্ত সমস্যা হলে সামিট গ্রুপের প্রতিনিধি জনাব জয় বাগচী, মোবাইল নং০১৭০৯-৮৪২৯২১ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | জনাব জয় বাগচী সামিট গ্রুপের প্রতিনিধি |
| ৭.০ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | ই-মেইল এর ব্যবহার নিশ্চিত করণের বিষয়ে সবসময় দৃষ্টি রাখার জন্য সকল অফিসারগণকে অনুরোধ জানানো হয়েছে এবং সকল বিভাগ/সংস্থার তথ্য আদান প্রদানে সরকারি ই-মেইলের মাধ্যমে যোগাযোগ বাস্তাবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | দপ্তর প্রধান (সকল), কয়রা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা

স্মারক নং-০৫.৪৪.৪৭৫৩.০০০.০৬.০২৩.২৩-৮৯৭

তারিখ: ০৫/ ১২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১০৪, খুলনা-০৬ ।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
৬। উপজেলা ..............................................কর্মকর্তা, কয়রা, খুলনা।
৭। ইউপি চেয়ারম্যান (সকল), কয়রা, খুলনা।
৮। ..................................................................................।
৯। অফিস নথি।

(মোঃ কামাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা
☎ ০২৪৭৭৭৩১৩০৬
ইমেইল: unokoyra@mopa.gov.bd